

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নম্বর- ৮০.২০০.০৬৪.০০.০০.০১০.২০১৮/২৩০

তারিখ : ০২.১০.২০১৮ খ্রি.

৩৬তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার এবং নন ক্যাডার ১ম শ্রেণির পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য থেকে নন-ক্যাডার ২য় শ্রেণির পদে সুপারিশ সংক্রান্ত কমিশনের ২২.০৩.২০১৮ তারিখে জারীকৃত প্রেস বিজ্ঞপ্তিতে রেজিঃ নম্বর-০১০৪৬৪ ও ২০৫৯০৩ এর ফলাফল তথ্য বিভ্রাট এবং প্রশাসনিক কারণে স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত ২(দুই) জন প্রার্থী কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট উপস্থিত হয়ে কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। স্থগিতকৃত ২(দুই) জন প্রার্থীর মধ্যে ১ (এক) জন প্রার্থীর দাখিলকৃত কাগজপত্র প্রাথমিকভাবে যথাযথ বিবেচিত হওয়ায় কমিটির সুপারিশ অনুযায়ী কমিশন রেজিঃ নম্বর-২০৫৯০৩ এর স্থগিতকৃত ফলাফল ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত উক্ত ০১ (এক) জন প্রার্থীর পদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর নিম্নে দেয়া হলো :

মন্ত্রণালয়/বিভাগ : শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
পদের নাম : সহকারী শিক্ষক/শিক্ষিকা (জীববিজ্ঞান)
রেজিস্ট্রেশন নম্বর : ২০৫৯০৩

২. পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত রেজিঃ নম্বর-২০৫৯০৩ এর প্রার্থীর যেকোনো সময় কোনো যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যেকোনো উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীকে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ এজেন্সির মাধ্যমে তদন্তের ভিত্তিতে সনদ, ডকুমেন্টস এবং কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৪. কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির নিকট এমবিএ ডিগ্রি সম্পন্ন করার সনদ প্রদর্শন করতে না পারায় ফলাফল স্থগিতকৃত প্রার্থী জনাব মোঃ শাহাদৎ হোসেন, রেজিঃ নম্বর ০১০৪৬৪ এর সুপারিশ কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।

৫. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

[আ.ই.ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]